# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ সিয়াম ও রোযা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মেঘ বা অন্য কোন কারণে চাঁদ যথাসময়ে না দেখা গেলে করণীয় কি?

মেঘ বা অন্য কোন কারণে চাঁদ যথাসময়ে না দেখা গেলে মাসের তারিখে ৩০ পূর্ণ করে নিতে হবে। অবশ্য ঈদের চাঁদ প্রমাণ করার জন্য ২ জন মুসলিমের সাক্ষ্য প্রয়োজন। যেহেতু মহানবী (সঃ) বলেন, “তোমরা চাঁদ দেখে রোযা রাখ, চাঁদ দেখে রোযা ছাড়। যদি চাঁদ না দেখা যায়, তাহলে মাস ৩০ পূর্ণ করে নাও। কিন্তু যদি দুই জন মুসলিম সাক্ষ্য দেয়, তাহলে তোমরা রোযা রাখ ও রোযা ছাড়।” ২৪১ (আহমাদ ৪/৩২১, নাসাঈ, দারাকুত্বনী, ইগঃ ৯০৯ নং)

পক্ষান্তরে রোজার মাসের রোযা শুরু হওয়ার কথা প্রমাণ করার জন্য এ কথা প্রমাণীত যে, আল্লাহ্‌র রাসুল (সঃ) একজন লোকের সাক্ষী নিয়ে রোযা রেখেছেন। ২৪২ (আবূ দাঊদ ২৩৪২, দারেমী, দারাকুত্বনী, বাইহাক্বি ৪/২১২, ইরওয়াউল গালীল ৯০৮ নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=190

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন